

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৫২.১৩-১৯১৪

তারিখঃ ১০/১১/২০২১ খ্রি:

অফিস আদেশ

যেহেতু, জনাব নুসরাত নওশীন সুবর্ণা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, মেহেন্দীগঞ্জ, বরিশাল উপজেলায় অর্জিত আয় না থাকা সত্ত্বেও আর্থিক বিধি লঙ্ঘনপূর্বক ঋণ তহবিল অবক্ষয় করে নিজের বিপরীতে ১৯৫২৩০.০০ (এক লক্ষ পচাঁনঝই হাজার দুইশত ত্রিশ) টাকা ও ০৫ জন কর্মচারীর বিপরীতে ৪৬৬৮৭৬.০০ টাকাসহ সর্বমোট ৬৬২১০৬.০০ (ছয় লক্ষ বাষট্টি হাজার একশত ছয়) টাকা বেতনভাতা বাবদ ব্যয় করেছেন। এছাড়া উক্ত উপজেলায় তাঁর দায়িত্বে অবহেলা, তদারকির অভাব, উদাসীনতা ও কর্মস্থলে প্রায়ই অনুপস্থিতির জন্য বিতরণকৃত ঋণের প্রায় সমুদয় অর্থ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে (প্রায় ৮৩.০০ লক্ষ টাকা) পরিণত হয়েছে।


যেহেতু, জনাব নুসরাত নওশীন সুবর্ণা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, মেহেন্দীগঞ্জ, বরিশাল বিগত ৩০/১২/২০১২ খ্রিঃ তারিখ হতে প্রায় প্রায় ০৩ বছর বাবুগঞ্জ, বরিশাল উপজেলায় কর্মরত থাকা অবস্থায় দায়িত্বহীনতার কারণে প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ-আদায়সহ অন্যান্য কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে ব্যর্থ হওয়ায় প্রাথমিক প্রশাসনিক ব্যবস্থা হিসেবে ঝালকাঠি সদর উপজেলায় বদলি করা হয়। উক্ত উপজেলায় বিগত ২৪/০১/২০১৬ খ্রি তারিখ হতে প্রায় ১ বছর ৬ মাস কর্মরত থাকা অবস্থায় তাঁর দায়িত্বহীনতা, উদাসীনতা ও উদ্বৃত্তপূর্ণ আচরণের জন্য উক্ত উপজেলায়ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ-আদায়সহ অন্যান্য কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন বাধাগ্রস্ত হয়। পরবর্তীতে পুনরায় তাকে সংশোধনের সুযোগ প্রদানের জন্য বিগত জুলাই/২০১৭ মাসে মেহেন্দীগঞ্জ উপজেলায় পদায়ন করা হয়। উক্ত উপজেলায়ও একইভাবে তাঁর উদাসীনতা ও দায়িত্বহীনতার জন্য প্রকল্প লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

যেহেতু, জনাব নুসরাত নওশীন সুবর্ণা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, মেহেন্দীগঞ্জ, বরিশাল কর্তৃক কর্তৃপক্ষের নির্দেশনা উপেক্ষা করে ইচ্ছামত অফিসে আগমন ও প্রস্থান নিয়মিত অভ্যাসে পরিণত হওয়াসহ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং দায়িত্বে অবহেলা ও উদাসীনতার জন্য তাকে কর্মজীবনে (প্রায় ০৯ বছর) সর্বমোট ৩৪ বার ব্যাখ্যা তলব ও ১৩ দিনের বেতন স্থগিত এবং বিভিন্ন সময়ে সাকুল্য বেতনভাতার বিভিন্ন অংশ স্থগিত বাবদ সর্বমোট ১৬৩৮৪২.০০ টাকা স্থগিত করা হয়; তদুপরি তিনি সংশোধন হননি। এছাড়া তিনি অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য ক্ষমা প্রার্থনাপূর্বক ভবিষ্যতে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করবেন মর্মে অঙ্গীকার করা সত্ত্বেও তাঁর আচরণে ইতিবাচক পরিবর্তন হয়নি। এতে কর্মসূচির দায়িত্ব পালনে তার অদক্ষতা, অযোগ্যতা ও আন্তরিকতার অভাবের বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়।

এক্ষণে, যেহেতু, জনাব নুসরাত নওশীন সুবর্ণা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলায় অর্জিত আয় না থাকা সত্ত্বেও আর্থিক বিধি বিধান লঙ্ঘনপূর্বক ঋণ তহবিল অবক্ষয় করে ১৯৫২৩০.০০ (এক লক্ষ পচাঁনঝই হাজার দুইশত ত্রিশ) টাকা তিনি নিজে গ্রহণ করেন ও ০৫ জন কর্মচারীর বিপরীতে ৪৬৬৮৭৬.০০ টাকাসহ সর্বমোট ৬৬২১০৬.০০ (ছয় লক্ষ বাষট্টি হাজার একশত ছয়) টাকা গ্রহণে সহায়তা করে কর্মসূচির আর্থিক ক্ষতি সাধন

করছেন। তাছাড়া বিভিন্ন উপজেলায় তাঁর কর্মকালীন অদক্ষতা, অযোগ্যতা ও দায়িত্ব পালনে অনীহা, উদাসীনতা ও দুর্বল তদারকির কারণে উক্ত উপজেলাসমূহে প্রকল্প/কর্মসূচির লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন সম্ভব না হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় তাঁর সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক কর্মসূচিতে স্থানান্তর আদেশের ২(ঙ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হলো। এছাড়া ঋণ তহবিল অবক্ষয় করে তাঁর গৃহীত অতিরিক্ত ১,৯৫,২৩০.০০ (এক লক্ষ পঁচাত্তর হাজার দুইশত ত্রিশ) টাকা আগামী ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধের জন্য বলা হলো। অন্যথায় সরকারী অর্থ আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৫২.১৩-১১৪


তারিখঃ ১০/১১/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

১. জনাব নুসরাত নওশীন সুবর্ণা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, মেহেন্দীগঞ্জ, বরিশাল।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ জেলাঃ বরিশাল।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বরিশাল।
৫. ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মুহাম্মদ মাহবুব আলম
উপ প্রকল্প পরিচালক